

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সাকুলার নং-০৩

তারিখ : ০৭ বৈশাখ ১৪২৮
২০ এপ্রিল ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

ঋণ/লিজ/অগ্রিম শ্রেণীকরণ প্রসঙ্গে

বাংলাদেশের অর্থনীতিতে করোনাভাইরাসের নেতিবাচক প্রভাব বিবেচনায় আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ/লিজ/অগ্রিম শ্রেণীকরণের বিষয়ে ইতিপূর্বে কিছু শিথিলতা আনা হয়েছিল। এক্ষণে কোভিড হতে উদ্ভূত কোনো কারণে যে সকল গ্রাহক সাময়িকভাবে তাদের ঋণের কিস্তি পরিশোধে সমস্যার সম্মুখীন হবেন তাদের ঋণ হিসাবের ক্ষেত্রে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হলো:

- ক) ঋণ/লিজ/অগ্রিমের বিপরীতে মার্চ/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তি আর্থিক প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/লিজ/অগ্রিমসমূহ বিরূপমানে শ্রেণীকরণ করা যাবে না, এবং
- খ) ঋণ/লিজ/অগ্রিমের উপর সুদ/মুনাফা হিসাবায়নের ক্ষেত্রে এতদসংক্রান্ত বিদ্যমান নীতিমালা বলবৎ থাকবে এবং এ সময়ে কোন দণ্ড সুদ বা অতিরিক্ত ফি/চার্জ/কমিশন (যে নামেই অভিহিত করা হোক না কেন) আরোপ করা যাবে না।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অনতিবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৫১৮